ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৫৪

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২৭ অক্টোবর, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘আম্বেদকরনগর গ্রাম পঞ্চায়েত এলাকায় বানরের উপদ্রব’ শিরোনামে প্রকাশিত সংবাদটি কুমারঘাট মহকুমার বন বিভাগের নজরে এসেছে। এ বিষয়ে কুমারঘাটের মহকুমা বন আধিকারিক এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, প্রকাশিত সংবাদটি অসত্য। প্রথমত উল্লেখ্য যে, আম্বেদকরনগর কৃষিচাষ যোগ্য জমিগুলো বনদপ্তরের সংরক্ষিত বনাঞ্চলের অতি নিকটবর্তী হওয়ার কারণে মাঝেমধ্যে বানরের দল অতি সহজেই ফসলের জমিতে নেমে আসে। আম্বেদকরনগর গ্রাম পঞ্চায়েত এলাকায় বনদপ্তরের দুটি যৌথ বনায়ন কমিটি বর্তমান আছে। যখন বানরের দলগুলো ফসলের জমিতে নেমে আসার খবর আসে তখন ঐ দুটি যৌথ বনায়ন কমিটির সদস্য সদস্যারা যথাসাধ্য বানরের দলগুলোকে ছত্র ভঙ্গ করে তাড়িয়ে দেয়। তৎসঙ্গে কুমারঘাট ফরেস্ট রেঞ্জ অফিসের অফিসকর্মী ও বনমিত্রের যৌথ উদ্যোগে তৎক্ষণাৎ ঘটনাস্থলে গিয়ে বানরের দলগুলোকে পটকা বাজি ফাটিয়ে ছত্রভঙ্গ করে তাড়িয়ে দেওয়া হয়। আম্বেদকরনগর ও উত্তর কুমারঘাট গ্রাম পঞ্চায়েত এলাকায় বানরের উপদ্রবের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য আম্বেদকরনগর ও উত্তর কুমারঘাট এলাকায় কিছু কিছু জায়গার প্রতিনিয়ত পটকা বাজি দেওয়া হয়েছে দপ্তরের পক্ষ থেকে।

*******